**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সাইবার অপরাধের শিকার হলে সঙ্গে সঙ্গে পুলিশি সহায়তা নেবার জন্য জনগনের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(২) সমবায় মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া বলেছেন, রাজ্যের গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে সমবায় ব্যাঙ্ক বলিষ্ঠ ভূমিকা নিয়ে কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ভারতকে উন্নয়ন এবং ঐতিহ্য উভয়কেই আলিঙ্গন করে এগিয়ে যেতে হবে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।**

********************************************

**CM–Cyber Crime :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সাইবার অপরাধের শিকার হলে সঙ্গে সঙ্গে পুলিশি সহায়তা নেবার জন্য জনগনের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ অরুন্ধতীনগরের ড্রপগেইটে সাইবার ক্রাইম পুলিশ থানার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন রাজ্যের বহু মানুষ সাইবার অপরাধের শিকার হয়ে সর্বস্বান্ত হয়েছেন। তাই আরক্ষা দপ্তরকে এ সমস্ত অপরাধীদের বিরুদ্ধে সচেতন ও শক্তভাবে মোকাবিলা করতে হবে। এক্ষেত্রে তিনি টোল ফ্রি নম্বর ১১২ কিংবা ১৯৩০-এ সাইবার অপরাধের অভিযোগ জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

########## Byte–CM ##########

অনুষ্ঠানে রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ বলেন, ২০২৩ সালের তুলনায় ২০২৪ সালে অপরাধের হার ২০ শতাংশ হ্রাস পেয়েছে। সাইবার নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে এখন পর্যন্ত রাজ্যের প্রায় ৫ কোটি ৪৬ লক্ষ টাকা পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র দপ্তরের সচিব অভিষেক সিং, এ.ডি.জি.পি- এম. রাজামুরুগন ও জি.এস, রাও।

****************************

**Tripura State Co-Operative Bank :**

সমবায় মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া বলেছেন, রাজ্যের গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে সমবায় ব্যাঙ্ক বলিষ্ঠ ভূমিকা নিয়ে কাজ করছে। আজ আগরতলায় ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাঙ্কের ৪২তম বার্ষিক সাধারণ সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, সমবায় ব্যাঙ্কে আর্থিক লেনদেন যেমন বাড়ছে তেমনি নীট মুনাফাও অনেক বৃদ্ধি পেয়েছে। এই ব্যাঙ্কে পরিষেবা বাড়ানোর লক্ষ্যে সম্প্রতি বিভিন্ন পদে ১৫৪ জনকে নিয়োগ দেওয়া হয়েছে।

######Byte-Shula Charan Noatia######

এদিকে, আজ সন্ধ্যায় আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান নাগাধিরাজ দত্ত জানান, ২০২৪-২৫ অর্থবর্ষে ব্যাঙ্ক এর মোট মুনাফা ১১৮ কোটি ৬২ লক্ষ টাকা। এরমধ্যে নীট মুনাফা ৩৬ কোটি ৫৬ লক্ষ টাকা, যা গত অর্থবর্ষের তুলনায় ৮ কোটি ৬১ লক্ষ টাকা বেশী। ব্যাঙ্কের মোট ব্যবসা ৬৬৬১ কোটি ৮১ লক্ষ টাকা, যা গত অর্থবর্ষের তুলনায় প্রায় ৫১১ কোটি ৭৪ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, বর্তমানে সমবায় ব্যাঙ্কের ক্রেডিট ডিপোজিট রেশিও ৬৯.৪১ শতাংশ। চেয়ারম্যান শ্রী দত্ত বলেন, এই ব্যাঙ্ক কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে অংশগ্রহন করে সাফল্যের সঙ্গে ক্ষুদ্র, প্রান্তিক চাষি ও বেকার যুবক যুবতীদের আত্মনির্ভর করার লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ম্যানেজিং ডিরেক্টর ভজন চন্দ্র রায়, জেনারেল ম্যানেজার অপর্না দেববর্মা, বিশ্বজিৎ কুমার দত্ত প্রমুখ।

***************************

**CM Award Distribution Ceremony :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় এক অনুষ্ঠানে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী এবং আর্থিকভাবে দুর্বল ও বিশেষভাবে সক্ষম শিক্ষার্থী হিসাবে নির্বাচিত রাজ্যের ৩৫ জন ছাত্র-ছাত্রীকে ভূপেন্দ্রচন্দ্র দত্ত ভৌমিক মেরিট কাম মিনস পুরস্কার প্রদান করেন। দৈনিক সংবাদ পত্রিকার প্রতিষ্ঠাতা প্রয়াত ভূপেনচন্দ্র দত্ত ভৌমিক এর স্মরণে আয়োজিত অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়। সমাজের একেবারে প্রান্তিক মেধাবী ছাত্র-ছাত্রীদের অন্বেষণ করে বের করে এনে পুরষ্কৃত করা এক বিরাট কাজ বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। বক্তব্য রাখেন রামকৃষ্ণ মিশনের বিবেক নগর মঠের সম্পাদক শুভকরানন্দ মহারাজ, টেকনো ইন্ডিয়ার ভাইস চ্যান্সেলর ডঃ রতন সাহা, এম বি বি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বিভাস দেব প্রমূখ।

***************************

**EMERGENCY :**

১৯৭৫ এর সেই মাঝরাতে গণতান্ত্রিক ব্যবস্থার প্রায় সমস্ত কিছুকেই কারান্তরালে পাঠিয়ে একনায়কতান্ত্রিক শাসন কায়েমের চক্রান্ত ছিল তুঙ্গে। জরুরি অবস্থার অজুহাতে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ–সংবাদমাধ্যমের ঝাঁপ যেন গায়ের জোরে বন্ধ করিয়ে এক গুমোট রাজনৈতিক পরিসর উপহার পেয়েছিলেন দেশবাসী। একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, ভারতকে উন্নয়ন এবং ঐতিহ্য উভয়কেই আলিঙ্গন করে এগিয়ে যেতে হবে। ঔপনিবেশিক মানসিকতা ত্যাগ করার জন্য দেশকে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে ভারত হাজার হাজার বছর ধরে তার শাশ্বত ধারণা, দর্শন এবং প্রজ্ঞার কারণেই চিরন্তন। নতুনদিল্লিতে জৈন আধ্যাত্মিক নেতা এবং সমাজ সংস্কারক আচার্য বিদ্যানন্দ জি মহারাজের শতবর্ষ উদযাপনের উদ্বোধন করে শ্রী মোদী বলেন, ভারত বিশ্বের সবচেয়ে প্রাচীন জীবন্ত সভ্যতা এবং এই কালজয়ী দর্শনের উৎস দেশের ঋষি, সাধু এবং আচার্যদের মধ্যে নিহিত।

প্রধানমন্ত্রী আরও বলেন, আচার্য বিদ্যানন্দ মুনি এই প্রাচীন ভারতীয় ঐতিহ্যের একজন আধুনিক আলোকবর্তিকা। তিনি আরও বলেন, আচার্য শ্রী বিদ্যানন্দ জি তাঁর জীবনকে কেবল আধ্যাত্মিক সাধনার মধ্যে সীমাবদ্ধ রাখেননি, বরং সমাজ ও সংস্কৃতির পুনর্গঠনের জন্য এটিকে একটি শক্তিশালী মাধ্যম করে তুলেছিলেন।

তিনি বলেন, সরকার দেশের সাংস্কৃতিক স্থান এবং তীর্থস্থানগুলির উন্নয়ন করছে। প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্র প্রাকৃত ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছে এবং ভারতের প্রাচীন পাণ্ডুলিপিগুলিকে ডিজিটালাইজ করার জন্য কাজ করা হচ্ছে।

########Byte-PM######

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**11 years NDA Govt :**

২০১৪ থেকে ২০২৫-এই এগারটি বছর ভারতের বিকল্প শক্তি ক্ষেত্রের বিকাশে আরও একটি উল্লেখযোগ্য সংযোজন ছিল পরমাণু শক্তি সম্প্রসারণ। বিগত দশকে এই ক্ষেত্রে সর্বাধুনিক ব্যবস্থাপনার পাশাপাশি বিশেষ জোর দেওয়া হয়েছে পরিচ্ছন্ন শক্তি উৎপাদনে। এর সঙ্গে মনযোগ ছিল দেশীয় প্রযুক্তি গ্রহণ এবং কাজের উৎকর্ষ বৃদ্ধিতেও। এই নিয়ে একটি প্রতিবেদন।

########VC######

*************************

**Reception for Rita :**

আন্তর্জাতিক পদকজয়ী রাজ্যের গর্ব বডি বিল্ডার রীতা নাগকে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সংবর্ধনা দিল ত্রিপুরা বডি বিল্ডার্স ও ফিটন্যাস এসোসিয়েশন। আগরতলা প্রেস ক্লাবে এই সংবর্ধনা দেয়া হয়।

ভুটানে সদ্য সমাপ্ত দক্ষিণ এশিয়ান বডি বিল্ডিং ও ফিটন্যাস প্রতিযোগিতায় রীতা নাগ ব্রোঞ্জ পদক জয় করে ইতিহাস গড়েছিলেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************